গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
(www.debendracollege.gov.bd)

স্মারক নং- সদেক/২০২৩/হিসাব/এন-১/৩২ তারিখ: ০৫/০৩/২০২৩

২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার নিয়মিত/ অনিয়মিত/অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **আগামী ০৬/০৩/২০২৩ থেকে ১৩/০৩/২০২৩ তারিখ বিকেল ৪:০০ টা** পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে।

ফিসের তালিকা: (নিয়মিত/ অনিয়মিত)

বাংলা/ ইংরেজি/ ইতিহাস/ ইসলামি শিক্ষা/ অর্থনীতি/হিসাববিজ্ঞান/ ফিন্যান্স ও ব্যাংকিং/ ইস: ইতিহাস/ দর্শন/ রাষ্ট্রবিজ্ঞান/ ব্যবস্থাপনা/ মার্কেটিং	পদার্থ/ গণিত/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা	রসায়ন
৩৭৮০/-	৪৩৩০/-	৪৭৩০/-

গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য (১-৮পত্র)

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র	৭ পত্র	৮ পত্র
১০৫৫/-	১৩০৫/-	১৫৫৫/-	১৮০৫/-	২০৫৫/-	২৩০৫/-	২৫৫৫/-	২৮০৫/-

ফি নির্ধারণের বিকল্প পদ্ধতি: ফরমে যে টাকা থাকবে তার সাথে যোগ করতে হবে-

পদার্থ, গণিত, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা যাদের ব্যবহারিক আছে (নিয়মিত/ অনিয়মিত)	৮৮০/-
রসায়নবিদ্যা যাদের ব্যবহারিক আছে (নিয়মিত/অনিয়মিত)	১,০৩০/-
বিজ্ঞান বিভাগ ব্যতিত (নিয়মিত ও অনিয়মিত)	৫৮০/-
গ্রেড উন্নয়ন	৫০৫/-

অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও শর্তসমূহ:

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://www.nubd.info/formfillup// থেকে ফরম পূরণ করে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর **নিয়মিত/অনিয়মিত** পরীক্ষার্থীরা বিকাশ/ নগদ এর মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিবে। পরীক্ষার ফিসে টাকার অংকে গড়মিল থাকলে দ্রুত **আইসিটি সেল** এ (কক্ষ নং ১০৭, সোনালী ব্যাংকের কালেকশন বুথ) যোগযোগ করে টাকার অংক ঠিক করে নিয়ে বিকাশ/নগদের মাধ্যমে পরীক্ষার ফিস জমা দিতে হবে।

৩। **গ্রেড উন্নয়ন/অকৃতকার্য (১-৮ পত্র) পরীক্ষার্থীরা ডাউনলোডকৃত ফরম প্রিন্ট নেয়ার পর** debendracollege.eshiksabd.com এ গিয়ে Log in to EMS এ User Name: **debendrastudent**, Password: **debendrastudent** দিয়ে Log In করে **Improvement Form fill-up** বাটনে ক্লিক করে Class Roll এর ঘরে ১১ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর বসিয়ে পাশে থাকা বাটনে ক্লিক করলে শিক্ষার্থীর তথ্যসহ একটি ফরম চলে আসবে। এখানে Subject Count এব ঘরে ডাউনলোডকৃত ফরমে উল্লিখিত Subject /Subject সমূহ সিলেক্ট করে পাশে থাকা Add Subject বাটনে ক্লিক করে বিকাশ/নগদের অ্যাপস থেকে মানোন্নয়নের ফরম পূরণের টাকা পরিশোধ করে ফরমটির প্রিন্ট নিয়ে প্রয়োজনীয় কাগজপত্রসহ ফরমটি **সংশ্লিষ্ট বিভাগে** জমা দিয়ে ফরম পূরণের কাজ সম্পন্ন করবে। **(মানোন্নয়ন ফরম পূরণের User Manual কলেজ ওয়েবসাইটে দেয়া আছে।)**

মোবাইলের মাধ্যমে বিকাশ/নগদে ফরম পূরণের ফি জমাদানের পদ্ধতি:

বিকাশ/ নগদ অ্যাপ এ গিয়ে **Pay Bill** সিলেক্ট করে **Education** সিলেক্ট করতে হবে। অত:পর **Govt Debendra College** সিলেক্ট করলে **Bill Period** ও **Enter Student ID** আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর তাদের **রেজিস্ট্রেশন নম্বর** দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান করে ফিস প্রদান করা যাবে।

অনলাইনে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্নের পর শিক্ষার্থীদের করণীয়:

১। শিক্ষার্থীরা বিকাশ/নগদ-এ ফরম পূরণ বাবদ ফি প্রদানের পর জমা রসিদের প্রিন্ট নিয়ে অথবা মোবাইল থেকে অ্যাপের মাধ্যমে ফি প্রদান করে debendracollege.eshiksabd.com এ গিয়ে Log in to EMS এ User Name: **debendrastudent**, Password: **debendrastudent** দিয়ে Log In করে **Receipts Print** বাটনে ক্লিক করে Student Fee Payment Reciepts এর ঘরে ১১ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে **Show Payment List** এ ক্লিক করলে টাকা জমার রসিদ প্রদর্শিত হবে। উক্ত রসিদটি প্রিন্ট নিতে হবে।

২। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ক্লাস রোল নম্বর উল্লেখ পূর্বক নিম্নোক্ত কাগজপত্রসহ ডাউনলোডকৃত ফরম সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন (সকাল ১০ টা-বিকেল ০৪টা) **সংশ্লিষ্ট বিভাগে** জমা দিয়ে ফরম পূরণের কাজ সম্পন্ন করবে।

প্রয়োজনীয় কাগজপত্র:

ক) রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি – ০১ টি।

খ) গ্রেড উন্নযনের ক্ষেত্রে ৪র্থ বর্ষের প্রবেশ পত্র ও নম্বরপত্রের ফটোকপি - ০১ সেট।

গ) ফি জমাদানের রসিদের (মূল কপিতে নাম, ক্লাশ রোল, সেশন ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে)মূলকপি জমা দিতে হবে। ফটোকপি সংরক্ষণ করতে হবে।

[বিশেষ দ্রষ্টব্য: নির্ধারিত সময়ের মধ্যে ফরম পূরণে ব্যর্থ হলে বা ফরম পূরণের পর প্রয়োজনীয় কাগজপত্রসহ পূরণকৃত ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন না করলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।]

5/3/2023
(প্রফেসর ড. মো: রেজাউল করিম)
আইডি নং- ২৫৩০
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।